

তাল উৎসবে মজল নাগরিক কলকাতা

খোঁজখবর, অপর্যালাহিড়ী, August 26, 2018



তিল থেকে তাল নয় বরং বলা ভাল তাল কে ঘিরে শহরে অনুষ্ঠিত হল আস্ত একটা উৎসব। ইলিশ কে ঘিরে যদি উন্নাদনার বান ডাকে, অলিতে – গলিতে হতে পারে ইলিশ উৎসব তবে তাল কেন ব্রাত্য থাকবে? তাই ডেভেলপমেন্ট রিসার্চ কমিউনিকেশন এন্ড সার্ভিস (ডি আর সি এস সি) ২৫ এবং ২৬ আগস্ট আয়োজন করেছিল তাল উৎসবের।




সংস্থার পক্ষে সুজিত মিত্র জানালেন কলকাতায় এই প্রথম তাঁরা এই উৎসবের আয়োজন করলেন। প্রথম বছরের হিসাবে যথেষ্ট ভালো সাড়া পেয়েছেন তাঁরা। বাঁকুড়াতে হয়েছিল এই উৎসবের সূচনা। হরেক কিসিমের তালের পদ ছিল এই দুদিনের উৎসবে। তালের বড়, তাল মিছরি, তালস্বত, তালচিনি, তালক্যাণ্ডি, সহ হরেক কিসিমের রসনা তৃপ্তির সুযোগ ছিল তালকে কেন্দ্র করে। পাশাপাশি বিভিন্ন স্টলে বিক্রি হয়েছে কাঁচা তালও।



বাংলা সাহিত্যেও রবীন্দ্রনাথ ঠাকুর থেকে শুরু করে বিভূতিভূষণ

বন্দ্যোপাধ্যায়ের লেখনিতে ফিরে এসছে তালের অনুষঙ্গ। শিশুপাঠ্য কবিতার মধ্যে দিয়েই সেই শৈশবে সবগাছ ছাড়িয়ে যে তাল গাছ দাঁড়িয়ে থাকে তাকে চিনতে শেখা। কুড়িয়ে পাওয়া তাল ধনীর গ্রহে পৌঁছে দিতে পারলে জুটে যেতে

পারে তালনবমীর নিমন্ত্রণ। দুজন বালক গোপাল আর ছেটুর এই টানাপোড়েনে পাঠকেরও চেথের কোল ভিজে যায়।



তবে এই স্মার্ট যুগে এসে কখন যেন জীবন থেকে হারিয়ে গিয়েছে তালের বড়, বা তাল পাটালির স্বাদ। এই উৎসব যেন সেই স্বাদ নতুন করে ফিরিয়ে দিল। উৎসব ফেরত তৃপ্তি দর্শনার্থীদের প্রতিক্রিয়া জানান দিল উৎসবের স্বার্থকতা।